

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩২২

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - লোক দেখানো ও শুনানোর ব্যাপারে বর্ণনা

اَلْفَصْلُ التَّنِفْ (بَابِ الرِّيَاءِ والسمعة)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَلْتُ: يَا رَسُولَ اللَّهِ بَيْنَا أَنَا فِي بَيْتِي فِي مُصلَّلَايَ إِذْ دَخَلَ عَلَيَّ رَجُكُ رَجُكُ وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ النَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: رَحِمَكَ رَجُكُ فَأَعْجَبَنِي الْحَالُ الَّتِي رَآنِي عَلَيْهَا فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: رَحِمَكَ اللَّهُ يَا أَبَا هُرَيْرَةَ لَكَ أَجْرَانِ: أَجْرُ السِّرِّ وَأَجْرُ الْعَلَانِيَةِ . رَوَاهُ التِّرْمِذِيِّ وَقَالَ: هَذَا حَدِيث غَرِيب

اسناده ضعیف ، رواه الترمذی (2384) [و ابن ماجم (4226)] * حبیب بن ابی ثابت مدلس و عنعن ۔

(ضَعِيف)

বাংলা

৫৩২২-[৯] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, হে আল্লাহর রসূল! আমি একদিন আমার ঘরে সলাত আদায় করছিলাম, এমন সময় হঠাৎ এক লোক আমার নিকট আসলো। সে আমাকে এ (নেক) অবস্থায় দেখেছেন, এটা আমার মনে আনন্দ জাগল। (আমার খুশি হওয়াটা কি রিয়াকারী?) তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, আল্লাহ তোমার প্রতি দয়া করুন, হে আবূ হুরায়রাহ্! তোমার জন্য দ্বিগুণ সাওয়াব রয়েছে, একটি হলো গোপনীয়তা, আর দ্বিতীয়টি হলো 'ইবাদত প্রকাশ হয়ে পড়ার। [ইমাম তিরমিষী (রহিমাহুল্লাহ) হাদীসটি বর্ণনা করেছেন এবং তিনি বলেছেন, এ হাদীসটি গরীব]

ফুটনোট

যঈফ: তিরমিয়ী ২৩৮৪, ইবনু মাজাহ ৪২২৬, য'ঈফ ইবনু মাজাহ ৯২৭, সহীহুল জামি ৪৭৮৭। যঈফের কারণ হলো সা'ঈদ ইবনু সিনান হিফযের দিক থেকে য'ঈফ, য'ঈফাহ্ ৪৩৪৪, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৫৭০৯,



মুসনাদে বাযযার ৮৯২১, সহীহ ইবনু হিব্বান ৩৭৫, শুআবূল ঈমান ৭০০৫, আল মুজামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৪১৪২, আল মুজামুল আওসাত্ব ৪৭০২।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (بَيْنَا أَنَا فِي بَيْتِي فِي مُصَلَّرِي) আবূ হুরায়রাহ্ (রাঃ) বলেন, একদিন আমি বাড়ীতে আমার সলাতের চাদরে বসে আছি, এমন সময় আমার কাছে এক ব্যক্তি প্রবেশ করে আমাকে দেখে ফেলে। আমাকে এ অবস্থায় দেখার কারণে আমি খুবই খুশি হই। আমার এ কাজটি কি রিয়ার অন্তর্ভুক্ত হবে? এ ব্যাপারে আপনার অভিমত কি?

(فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: رَحِمَكَ اللَّهُ يَا أَبَا هُرَيْرَةَ) রাস্লুল্লাহ (সা.) উত্তরে বললেন, হে আবৃ হ্রায়রাহ্! আল্লাহ তোমার প্রতি অনুগ্রহ করুন। এতে তোমার দ্বিগুণ সাওয়াব অর্জিত হয়েছে। গোপনে একনিষ্ঠতার সাথে আল্লাহর ইবাদত করার কারণে এবং প্রকাশ্যে 'আমল দ্বারা অন্যরা তোমার অনুসরণ করার কারণে অথবা আনুগত্যমূলক কাজ করে তোমার আনন্দ লাভ করা ও তা মানুষের শিক্ষার জন্য প্রকাশ পাওয়ার কারণে। অথবা যে তার 'আমল দেখেছে সেও উক্ত 'আমল করবে এবং তাতে তার সমপরিমাণ সাওয়াব অর্জিত হবে এ কারণে। আর এ অর্থেই রসুল (সা.) বলেছেন,

(مَنْ سَنَّ سُنَّةً حَسَنَةً كَانَ لَهُ مِشْلُ أَجْرِ كُلِّ مَنْ يَعْمَلُ بِهَا) অর্থাৎ- "যে ব্যক্তি কোন উত্তম কাজ চালু করবে তার জন্য উক্ত ভালো কাজের প্রতিদান রয়েছে এবং তাদের সমপরিমাণ প্রতিদান যারা তার প্রতি আমল করবে।" (মুসলিম ৪/২০৫৯, তুহফাতুল আহ্ওয়াযী ৬/২৩৮৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন